গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ০১ অক্টোবর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি |

বিষয় : **২০২৩-২০২৪ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার (কোড নং-২২১০০০৯০০) আওতায় প্রস্তাবিত স্কিম পর্যালোচনা** সংক্রান্ত **সভার কার্যবিবরণী।**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার (কোড নং-২২১০০০৯০০) আওতায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩০০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি এর অনুকূলে ১৪৪.০০ কোটি টাকা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৪৯.৫০ কোটি টাকা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৫২.০০ কোটি টাকা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৫০.৫০ কোটি টাকা এবং মন্ত্রণালয়ের প্রকল্পের অনুকূলে ৪.০০ কোটি টাকা বিভাজনপূর্বক সরকারী আদেশ জারি করা হয়েছে। অতপর: অতিরিক্ত সচিব (উন্নয়ন) বিভাজন অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ হতে চলমান ও নতুন স্কিমের বরাদ্দ প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

০২। সভাকে অবহিত করা হয় যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক চলমান ৯৮টি স্কিমের জন্য ১২৯৩২.৫০ লক্ষ টাকা এবং নতুনভাবে গৃহীত ৪২টি স্কিমের জন্য ১৪৬৭.৫০ লক্ষ টাকার চাহিদা প্রদান করা হয়। অনুরুপভাবে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ৮০টি চলমান স্কিমের জন্য ৩৮৬০.০২ লক্ষ টাকা এবং নতুনভাবে গৃহীত ১১৪টি স্কিমের জন্য ১০৮৯.৯৮ লক্ষ টাকা; বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ৮৭টি চলমান স্কিমের জন্য ২০৫৯.৯৫ লক্ষ টাকা এবং নতুনভাবে গৃহীত ৯৬টি স্কিমের জন্য ৩১৪০.০৫ লক্ষ টাকা ; খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ৭২টি চলমান স্কিমের জন্য ৩৪৯৩.০০ লক্ষ টাকা এবং নতুনভাবে গৃহীত ১২৮টি স্কিমের জন্য ১৫৫৭.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়। এছাড়াও মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ১টি স্কিমের জন্য ৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়। সংস্থা ভিত্তিক ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দ প্রস্তাব সভায় উপস্থাপনপূর্বক বিস্তারিত আলোচনা করা হয়।

**২। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডঃ**

২.১ নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ইউনিট যথাক্রমে জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে চলমান রাঙ্গামাটি জেলার ৩৯টি স্কিমের মধ্যে ৮টি, বান্দরবান জেলার ৩০টি স্কিমের মধ্যে ১৭টি এবং খাগড়াছড়ি জেলার ২৭টি স্কিমের মধ্যে ১০টি স্কিম সমাপ্ত করা সম্ভব হবে। অতপর স্কিমের প্রাক্কলিত ব্যয়, বরাদ্দ,স্কিম সংখ্যার তথ্যাদি নিম্নরূপভাবে উপস্থাপন করা হয় (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর চলমান স্কিম তালিকা, ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নতুন স্কিম তালিকা)।

(লক্ষ টাকায়)

| উন্নয়ন সহায়তার নাম ও সংস্থার নাম | চলমান স্কিম সংখ্যা | চলমান স্কিমের অবশিষ্ট পাওনা | চলমান স্কিমের বরাদ্দ | নতুন স্কিমের সংখ্যা | নতুন স্কিমের প্রাক্কলিত ব্যয় | নতুন স্কিমের বরাদ্দ | সর্বমোট স্কিম সংখ্যা | সর্বমোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি অংশ | ৩৯ | ৮৫১২.৪৯ | ৩৯০০ | ১৬ | ৫৯৮১ | ৩৫০ | ৫৫ | ৪২৫০ |
| খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান অংশ | ৩০ | ১১১৫৮ | ৪৭০০ | ১০ | ৪১৬৫.৫৬ | ২০০. | ৪০ | ৪৯০০ |
| গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি অংশ | ২৭ | ৭৪৮৫.৪০ | ৪০১৫.৫০ | ১৪ | ৪৮৮২ | ৩৩৪.৫০ | ৪১ | ৪৩৫০ |
| ঘ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, তিন পার্বত্য জেলা অংশ | ২ | ৮৩৫.৪৭ | ৩১৭ | ২ | ৬৮৩ | ৫৮৩ | ৪ | ৯০০ |
| মোট= | ৯৮ | ২৭৯৯১.৩৬ | ১২৯৩২.৫০ | ৪২ | ১৫৭১১.৫৬ | ১৪৬৭.৫০ | ১৪০ | ১৪৪০০.০০ |

সভাপতি বলেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক ‘বিভিন্ন গ্রামীণ সড়ক উন্নয়ন’ বা ‘গ্রামীণ অবকাঠামো নির্মাণ’ নামে যে সকল স্কিম প্রস্তাব করা হয়েছে সে সকল স্কিমের নাম ‘বিভিন্ন গ্রামীণ সড়ক’ পরিবর্তে নির্দিষ্ট রাস্তার নাম উল্লেখ করে স্কিম এর নাম নির্ধারণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

## ৩। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৩.১ নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হতে নিম্নরূপভাবে ১৯৪টি স্কিম (চলমান ৮০টি এবং নতুন ১১৪টি) বাস্তবায়ন করা হবে। স্কিমের প্রাক্কলিত ব্যয়, বরাদ্দ,স্কিম সংখ্যার তথ্যাদি নিম্নরূপভাবে উপস্থাপন করা হয় (পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি এর চলমান স্কিম তালিকা ও পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি এর নতুন স্কিম তালিকা)। তিনি সভাকে আরো জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান ৮০টি স্কিমের মধ্যে ৪৪টি স্কিম সমাপ্ত করা সম্ভব হবে।

(লক্ষ টাকায়)

| চলমান স্কিম সংখ্যা | চলমান স্কিমের অবশিষ্ট পাওনা | চলমান স্কিমের বরাদ্দ | নতুন স্কিমের সংখ্যা | নতুন স্কিমের প্রাক্কলিত ব্যয় | নতুন স্কিমের বরাদ্দ | সর্বমোট স্কিম সংখ্যা | সর্বমোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৮০ | ৮৮৩১.৮১ | ৩৮৬০.০২ | ১১৪ | ৬৩৭২.০০ | ১০৮৯.৯৮ | ১৯৪ | ৪৯৫০.০০ |

যুগ্মসচিব (উন্নয়ন) বলেন যে, রাঙ্গামাটি জেলা পরিষদ কর্তৃক প্রস্তাবিত নতুন স্কিমের মধ্যে ২টি স্কিম [(১) ক্রমিক-২৫: সদর উপজেলাধীন বঙ্গবন্ধু গবেষণাগার ও লাইব্রেরী উন্নয়ন এবং (২) ক্রমিক-৪৮: লংগদু উপজেলাধীন বঙ্গবন্ধু পাঠাগার নির্মাণ)] এর নাম প্রস্তাব করা হয়। তিনি সকলের অবগতির জন্য জানান যে, বঙ্গবন্ধু বা তার পরিবারের নামে কোন স্থাপনা করতে হলে তা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অনুমোদন গ্রহণ করতে হয়। তবে ডিএসপি পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত স্কিমের বিষয়ে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের অনুমোদন গ্রহণ করা হয়নি। সভাপতি বলেন যে, উক্ত ট্রাস্টের অনুমোদন ব্যতিরেকে কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। ডিএসপি অনুমোদনের ক্ষেত্রে উক্ত ট্রাস্টের অনুমোদন সাপেক্ষে স্কিমে কার্যক্রম সম্পাদনের অনুমতি প্রদান করা যেতে পারে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, সিরিয়াল নং-৪৪ রাঙ্গামাটি পার্বত্য জেলায় পুষ্টি উন্নয়নের জন্য কর্মসূচী স্কিমটি বাস্তবিক পক্ষে শুধুমাত্র মোটিভেশনাল কাজ করবে। ফিজিক্যাল কোন কাজ নেই বিধায় স্কিমটি তালিকা থেকে বাদ দেয়ার সুপারিশ করেন এবং উক্ত স্কিমের বরাদ্দ চলমান স্কিমের মধ্যে সমন্বয়ের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে সকলেই একমত পোষণ করেন। উপসচিব (উন্নয়ন) বলেন যে, রাঙ্গামাটি জেলা পরিষদের ৭টি চলমান স্কিমের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সভাপতি উক্ত মেয়াদ বৃদ্ধির বিষয়ে পৃথকভাবে প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন ।

৪। **বান্দরবান পার্বত্য জেলা পরিষদ:**

৪.১ নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে নিম্নবর্ণিত ১৮৩টি স্কিম (চলমান ৮৭টি এবং নতুন ৯৬টি) বাস্তবায়ন করা হবে। স্কিমের প্রাক্কলিত ব্যয়, বরাদ্দ,স্কিম সংখ্যার তথ্যাদি নিম্নরূপভাবে উপস্থাপন করা হয় (পার্বত্য জেলা পরিষদ বান্দরবান এর চলমান স্কিম তালিকা ও পার্বত্য জেলা পরিষদ বান্দরবান এর নতুন স্কিম তালিকা)। তিনি সভাকে আরো জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান ৮৭টি স্কিমের মধ্যে ৮৭টি স্কিমই সমাপ্ত করা সম্ভব হবে। সমাপ্তকৃত স্কিমের জন্য ডিএসপি অনুযায়ী অবশিষ্ট অর্থ বরাদ্দ রাখা হয়েছে।

(লক্ষ টাকায়)

| চলমান স্কিম সংখ্যা | চলমান স্কিমের অবশিষ্ট পাওনা | চলমান স্কিমের বরাদ্দ | নতুন স্কিমের সংখ্যা | নতুন স্কিমের প্রাক্কলিত ব্যয় | নতুন স্কিমের বরাদ্দ | সর্বমোট স্কিম সংখ্যা | সর্বমোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮৭ | ২১৯০.৯৫ | ২০৫৯.৯৫ | ৯৬ | ৪৩০০.৯৭ | ৩১৪০.০৫ | ১৮৩ | ৫২০০.০০ |

৫। **খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ**

৫.১ নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হতে নিম্নবর্ণিত ১৯৪টি স্কিম (চলমান ৭২টি এবং নতুন ১২৮টি) বাস্তবায়ন করা হবে। স্কিমের প্রাক্কলিত ব্যয়, বরাদ্দ,স্কিম সংখ্যার তথ্যাদি নিম্নরূপভাবে উপস্থাপন করা হয় (পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি এর চলমান স্কিম তালিকা ও পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি এর নতুন স্কিম তালিকা )। তিনি সভাকে আরো জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান ৭২টি স্কিমের মধ্যে ৪০টি স্কিম সমাপ্ত করা সম্ভব হবে।

লক্ষ টাকায়

| চলমান স্কিম সংখ্যা | চলমান স্কিমের অবশিষ্ট পাওনা | চলমান স্কিমের বরাদ্দ | নতুন স্কিমের সংখ্যা | নতুন স্কিমের প্রাক্কলিত ব্যয় | নতুন স্কিমের বরাদ্দ | সর্বমোট স্কিম সংখ্যা | সর্বমোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭২ | ৭০৩৬.৮৩ | ৩৪৯৩.০০ | ১২৮ | ১০৫৭০.০০ | ১৫৫৭.০০ | ২০০ | ৫০৫০.০০ |

অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, খাগড়াছড়ি জেলা পরিষদ কর্তৃক নতুন স্কিম হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত ১টি স্কিম (ক্রমিক-১২৭: গুইমারা বাজার সেড নির্মাণ) উন্নয়ন বোর্ডও বাস্তবায়নের প্রস্তাব করেছে। সভাপতি দ্বৈততা পরিহারপূর্বক প্রস্তাবিত স্কিমের পরিবর্তে নতুন প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়া ক্রমিক-১২৬ খাগড়াছড়ি জেলার তথ্য প্রযুক্তিভিত্তিক দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে মান সম্পদ উন্নয়ন, বেকারদের কর্মসংস্থান ও দারিদ্র হ্রাসকরণ ও সিরিয়াল নং-১২৮- স্মার্ট বাংলাদেশ নিবির্মানে খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন শিক্ষা/সামাজিক প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের ডেস্কটপ কম্পিউটার/ল্যাপটপ বিতরণ স্কিমের ব্যয় প্রাক্কলন পর্যালোচনা করে আইসিটি মন্ত্রণালয়ের কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে সংশোধিত ব্যয় প্রাক্কলন ও স্কিম এর ডিএসপি মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে সকলেই একমত পোষণ করেন।

০৬। পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান যে, তিন পার্বত্য এলাকায় যে সকল উন্নয়ন কার্যক্রম সম্পাদিত হচ্ছে সে সকল উন্নয়ন কার্যক্রম সম্পাদনের সময়ে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করে করার বিষয়ে সরকারের নির্দেশনা রয়েছে। সভাপতি উন্নয়ন কার্যক্রম সম্পাদনের সময় সকলকে পরিবেশ সংরক্ষণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

০৭। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভাকে জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত সেক্টরসমূহের আওতায় গৃহীত সাব-সেক্টরসমূহ আরো স্পষ্ট করা প্রয়োজন। সভাপতি প্রস্তাবিত স্কিমসমূহ উন্নয়ন সহায়তার আওতায় ছোট ছোট স্কিম তাই যতটা সম্ভব সাব-সেক্টর নির্ধারণপূর্বক স্কিম চিহ্নিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

০৮। অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় অনেক বেশি স্কিম গ্রহন করা হচ্ছে। আগামীতে এই স্কিম সংখ্যা কমিয়ে আনার উদ্যোগ গ্রহন করা যেতে পারে। সভাপতি বলেন যে, আগামীতে সকল নতুন স্কিম ২ বছর মেয়াদে গ্রহণ করতে হবে এবং আগামী অর্থবছর হতে যেই সংখ্যক স্কিম সমাপ্ত হবে ঠিক সেই সংখ্যক নতুন স্কিম গ্রহণ করতে হবে।

০৯। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত করা হয়:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯.১ | **<u>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড :</u>**<br>**ক)** পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অধীন **চলমান ৯৮টি স্কিমের (**পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর চলমান স্কিম তালিকা**)** (রাংগামাটি-৩৯, বান্দরবান-৩০, খাগড়াছড়ি-২৭ ও তিন পার্বত্য জেলা-২টি) জন্য ১২৯৩২.৫০ লক্ষ টাকা (রাঙ্গামাটি-৩৯০০.০০ লক্ষ, বান্দরবান ৪৭০০.০০ লক্ষ, খাগড়াছড়ি-৪০১৫.৫০ লক্ষ এবং তিন পার্বত্য জেলা-৩১৭.০০ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান এবং **৪২টি নতুন (**পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নতুন স্কিম তালিকা**)** স্কিমের জন্য প্রাক্কলিত ব্যয় ১৫৭১১.৫৬ লক্ষ টাকার (রাংগামাটি-৫৯৮১.০০ লক্ষ, বান্দরবান-৪১৬৫.৫৬ লক্ষ, খাগড়াছড়ি-৪৮৮২.০০ লক্ষ ও তিন পার্বত্য জেলা-৬৮৩.০০ লক্ষ) মধ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চাহিত ১৪৬৭.৫০ লক্ষ টাকার (রাংগামাটি-৩৫০.০০ লক্ষ, বান্দরবান-২০০.০০ লক্ষ, খাগড়াছড়ি-৩৩৫.০০ লক্ষ ও তিন পার্বত্য জেলা-৫৮৩.০০ লক্ষ) বরাদ্দ চূড়ান্তভাবে অনুমোদনের সুপারিশ করা হয়।<br><br>(খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক ‘বিভিন্ন গ্রামীণ সড়ক উন্নয়ন’ বা ‘গ্রামীণ অবকাঠামো নির্মাণ’ নামে যে সকল স্কিম প্রস্তাব করা হয়েছে সে সকল স্কিমের নাম ‘গ্রামীণ সড়ক’ পরিবর্তে নির্দিষ্ট রাস্তার নাম উল্লেখ করে স্কিমের শিরোনাম নির্ধারণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ পরিকল্পনা-১/পরিকল্পনা-২/উন্নয়ন |

| | | |
|---|---|---|
| ৯.২ | **রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ :**<br>ক) **রাঙ্গামাটি** পার্বত্য জেলা পরিষদের **চলমান ৮০টি** (পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি এর চলমান স্কিম তালিকা) স্কিমের জন্য ৩৮৬০.০২ লক্ষ টাকা বরাদ্দ প্রদান এবং **১১৪টি নতুন** (পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি এর নতুন স্কিম তালিকা) স্কিমের জন্য প্রাক্কলিত ব্যয় ৬৩৭২.০০ লক্ষ টাকার মধ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চাহিত ১০৮৯.৯৮ লক্ষ টাকার বরাদ্দ চূড়ান্তভাবে অনুমোদনের সুপারিশ করা হয়।<br><br>খ) নতুন প্রস্তাবিত ২টি স্কিম [(১) ক্রমিক-২৫: সদর উপজেলাধীন বঙ্গবন্ধু গবেষণাগার ও লাইব্রেরী উন্নয়ন এবং (২) ক্রমিক-৪৮: লংগদু উপজেলাধীন বঙ্গবন্ধু পাঠাগার নির্মাণ)] এর কার্যক্রম শুরুর পূর্বে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের অনুমোদন গ্রহন করতে হবে। উক্ত ট্রাস্টের অনুমোদন স্াপেক্ষে স্কিমের কার্যক্রম সম্পাদনের অনুমতি প্রদান করতে হবে।<br><br>গ) ক্রমিক-৪৪ এ উল্লিখিত ‘পুষ্টি উন্নয়ন’ সংক্রান্ত স্কিমটি বাদ দিয়ে চলমান স্কিমের মধ্যে সমন্বয়ের সুপারিশ করা হয় ।<br><br>ঘ) রাঙ্গামাটি জেলা পরিষদের ৭টি চলমান স্কিমের মেয়াদ বৃদ্ধির বিষয়ে যৌক্তিক কারণ উল্লেখপূর্বক আগামী ১০/১০/২০২৩ তারিখের মধ্যে পৃথকভাবে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ/ পরিকল্পনা-১/পরিকল্পনা-২/উন্নয়ন |
| ৯.৩ | **বান্দরবান পার্বত্য জেলা পরিষদ :**<br>ক) **বান্দরবান** পার্বত্য জেলা পরিষদের **চলমান ৮৭টি** (পার্বত্য জেলা পরিষদ বান্দরবান এর চলমান স্কিম তালিকা) স্কিমের জন্য ২০৫৯.৯৫ লক্ষ টাকা এবং **৯৬টি নতুন** (পার্বত্য জেলা পরিষদ বান্দরবান এর নতুন স্কিম তালিকা) স্কিমের জন্য প্রাক্কলিত ব্যয় ৪৩০০.৯৭ মধ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চাহিত ৩১৪০.০৫ লক্ষ টাকার বরাদ্দ চূড়ান্তভাবে অনুমোদনের সুপারিশ করা হয়। | বান্দরবান পার্বত্য জেলা পরিষদ / পরিকল্পনা-১/পরিকল্পনা-২/উন্নয়ন |

| | | |
|---|---|---|
| ৯.৪ | **খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ :**<br>**ক) খাগড়াছড়ি** পার্বত্য জেলা পরিষদের **চলমান ৭২টি** (**পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি এর চলমান স্কিম তালিকা**) স্কিমের জন্য ৩৪৯৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান এবং **১২৮টি নতুন** (**পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি এর নতুন স্কিম তালিকা**) স্কিমের প্রাক্কলিত ব্যয় ১০৫৭০.০০ লক্ষ টাকার মধ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে চাহিত ১৫৫৭.০০ লক্ষ টাকার বরাদ্দ চূড়ান্তভাবে অনুমোদনের সুপারিশ করা হয়।<br>খ) খাগড়াছড়ি জেলা পরিষদ কর্তৃক নতুন স্কিম হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত ১টি স্কিম (সিরিয়াল নং-১২৭ গুইমারা বাজার সেড নির্মাণ) দ্বৈততা থাকায় তা বাদ দেওয়া এবং বরাদ্দকৃত অর্থ অন্য নতুন প্রকল্পে সমন্বয় করার সুপারিশ করা হয়।<br><br>গ) ক্রমিক- ১২৬ এ বর্ণিত “খাগড়াছড়ি জেলায় তথ্য প্রযুক্তিভিত্তিক দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন, বেকারদের কর্মসংস্থান ও দারিদ্র হ্রাস করণ” ও ক্রমিক-১২৮ এ বর্ণিত “স্মার্ট বাংলাদেশ বিনির্মানে খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন শিক্ষা/সামাজিক প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের ডেস্কটপ কম্পিউটার/ল্যাপটপ বিতরণ” শীর্ষক স্কিমদ্বয়ের ব্যয় প্রাক্কলন আইসিটি মন্ত্রণালয়ের কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে ডিএসপি পুনর্গঠনপূর্বক আগামী ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ /পরিকল্পনা-১/পরিকল্পনা-২/উন্নয়ন |
| ৯.৫ | **বিবিধ :**<br>ক) উন্নয়ন কার্যক্রম সম্পাদনের সময় সকলকেই পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) আগামী অর্থবছর হতে নতুন স্কিমসমূহের মেয়াদ হবে সর্বোচ্চ ২ (দুই) বছর।<br>গ) আগামী অর্থবছর হতে যেই সংখ্যক স্কিম সমাপ্ত হবে ঠিক সেই সংখ্যক নতুন স্কিম গ্রহণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ/পরিকল্পনা-১/পরিকল্পনা-২/উন্নয়ন। |

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৫.১৪.০০৪.১৭.৯১

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৪) সচিব, অর্থ বিভাগ

৫) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৬) চেয়ারম্যান , বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
৭) চেয়ারম্যান , রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
৮) চেয়ারম্যান , চেয়ারম্যান-এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
৯) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১২) সদস্য-বাস্তবায়ন, সদস্য-বাস্তবায়ন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১৩) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১৪) সদস্য-পরিকল্পনা, সদস্য-পরিকল্পনা এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
১৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬) নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১৭) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০) মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
২১) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
২২) নির্বাহী প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
২৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
২৪) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
২৫) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, বান্দরবান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
২৬) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
২৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব